

তাৰিখ 26 NOV 1992

পৃষ্ঠা ১২ কলাম ১৬

## দৈনিক ইন্ডিয়াব

৪

### ১৬টি জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে শর্টহ্যাণ্ড টাইপ বস্ত করে দেয়া হয়েছে

// মোঃ নাহিম উল্ল আলম //

যশোর শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ তার আওতাভুক্ত  
স্কুলসা বিভাগের ১৬টি জেলার সকল শিক্ষা  
প্রতিষ্ঠানে চলাতি শিক্ষা বর্ষ থেকে শর্টহ্যাণ্ড ও  
টাইপ লিখন বিষয়টি বস্ত করে দেয়ার সিদ্ধান্ত  
গ্রহণ করেছে।

সম্প্রতি শিক্ষা বোর্ডের পরিদর্শক কলেজের  
দপ্তর থেকে জারি করা এক পরিপত্রে সকল  
কলেজ কর্তৃপক্ষকে বোর্ডের এই নির্দেশের  
কথা জানানো হয়েছে। বোর্ড কর্তৃপক্ষ তার  
পত্রে বলেছে যে, ইতিমধ্যেই মাধ্যমিক স্তরে  
টাইপ লিখন কোর্স বস্ত হয়ে গেছে এবং  
অপরাপর বিষয়ের তুলনায় শর্টহ্যাণ্ড ও টাইপ  
লিখন বিষয় অঙ্গস্ত নিম্নমানের, তাই বোর্ড  
কর্তৃপক্ষ এই বিষয়টির উপর কোর্স চালু না  
রাখার সিদ্ধান্ত নিয়েছেন। তবে এ ব্যাপারে  
মন্ত্রণালয়ের কেন সিদ্ধান্ত আছে কিম্বা তা এ  
পরিপত্রে বলা হয়নি। অন্য কেন শিক্ষা  
বোর্ডও শেষ খবর পাওয়া পর্যন্ত এ ধরনের  
কোন সিদ্ধান্ত নেয়নি। এর ফলে এখন থেকে  
টাইপ ও শর্টহ্যাণ্ডের জন্য এর ছাত্র-ছাত্রীদের  
বেসরকারী পর্যায়ে আরো নিম্নমানের কতিপয়  
কথিত শিক্ষা প্রতিষ্ঠানের ওপর নির্ভর করতে  
হবে।

তবে দেশের কয়েকটি জেলাতে সরকারী  
ক্যারিশিয়াল কলেজে এই কোর্স এখনো চালু  
আছে। যশোর শিক্ষা বোর্ডের এই সিদ্ধান্তের  
ফলে যুন্নত বিভাগের অস্ততঃ শতাধিক  
শিক্ষককেও চাকুরী হারাতে হবে। এ ব্যাপারে  
বোর্ডের একজন উর্ধ্বতন কর্মকর্তার সাথে  
আলাপ করা হলে তিনি বলেন, এই বিষয়  
২টিতে শতকরা ৮০ নম্বরেই ব্যবহারিক, ২০  
নম্বর তত্ত্বীয়। এর ফলে অনেক নিম্নমানের  
ছাত্রও পাস করে যায়। এই প্রবণতা এড়ান্নার  
জন্যই কর্তৃপক্ষ উদ্বেগিত সিদ্ধান্ত নিয়েছেন।  
এছাড়াও এ বিষয়ে শিক্ষকের চরম অভাব  
রয়েছে বলে তিনি জানান। এদিকে বারিশালে  
কয়েকটি কলেজের ছাত্ররা শিক্ষা প্রতিমন্ত্রী  
প্রিসিপাল ইউনিস থানের কাছে এই বিষয়টি  
পুনর্বহালের দাবীতে একটি স্মারকচিপি পেশ  
করতেছে। মন্ত্রী বিষয়টি স্বীকৃত করে রচনার  
আন্তর্মাস দেন।